

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।

নং-৯২০ -বিচার- ৩/১ডি-১৯/২০১০,

তারিখঃ- ১৮ অগ্রহায়ণ, ১৪২৬ বঃ  
০৩ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

প্রজ্ঞাপন


ঢাকাস্থ প্রশাসনিক ট্রাইব্যুনাল নং-২ এর এ,টি ০৯/২০১৬ নং মামলার গত ২৫/০৭/২০১৮ খ্রিঃ তারিখের রায়ের আলোকে মেহেরপুরের সাবেক জেলা ও দায়রা জজ পরবর্তীতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) বর্তমানে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত জনাব মোঃ জাহাঙ্গীর আলম মোল্লা-কে Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974) (২০১০ সনের ৫নং আইন দ্বারা সংশোধিত) এর ধারা-৭ অনুযায়ী ০৬/০৪/২০১৬ খ্রিঃ তারিখ হতে ০৫/০৪/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণগড় বেতনে ভূতাপেক্ষ অবসর উত্তর (Post-Retirement) ছুটি মঞ্জুর করা হলো।

০২। তিনি বিধিমোতাবেক সমুদয় বকেয়া বেতন-ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্ত হবেন।

০৩। এতদ্বারা এ বিভাগের গত ২১/৯/২০১০ খ্রিঃ তারিখের সাময়িক বরখাস্ত সংক্রান্ত ৬৯১-বিচার-৩/১ডি-১৯/২০১০ নং প্রজ্ঞাপন ও ০৯/০২/২০১৪ খ্রিঃ তারিখের চাকুরী হতে বাধ্যতামূলক অবসর সংক্রান্ত ৭২-বিচার-৩/১ডি-১৯/২০১০ নং আদেশটি বাতিল করা হলো।

০৪। তাঁর সাময়িক বরখাস্তের তারিখ অর্থাৎ ২১/৯/২০১০ খ্রিঃ তারিখ হতে অবসর-উত্তর ছুটিতে গমনের অব্যবহিতপূর্বের দিন অর্থাৎ ০৫/০৪/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
(শেখ গোলাম মাহবুব)  
উপ-সচিব (প্রশাসন-১)

নং-৯২০ -বিচার- ৩/১ডি-১৯/২০১০,

তারিখঃ- ১৮ অগ্রহায়ণ, ১৪২৬ বঃ  
০৩ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, মেহেরপুর।
- ৩। জনাব জাহাঙ্গীর আলম মোল্লা, সাবেক সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ), আইন ও বিচার বিভাগ, ঢাকা (বর্তমানে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত)
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- ৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- ১০। গার্ড ফাইল।

  
(সৈয়দা কানিজ কামরুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৬৩১।